



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামশিবো/প্রশা/মাদারীপুর-৪৪/ ৭৭৬/৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

বিষয়: জনাব মো: নুরুল আমিন সিকদার, অফিস সহকারী, দুর্গাবদিহাট দাখিল মাদ্রাসা, সদর, মাদারীপুর এর বিরুদ্ধে ১৭ বছর যাবত জাল সার্টিফিকেট ব্যবহার করে সরকারি বেতন-ভাতাদি গ্রহণ এবং অর্থের বিনিময়ে শিক্ষার্থীদের উচ্চ শ্রেণীতে উত্তীর্ণ হতে সাহায্য করার অভিযোগ প্রসঙ্গে

সূত্র: ১. দুর্নীতি দমন কমিশন এর স্মারক নং-০০.০১.০০০০.১০৯.৩০.০০১.১৯.১৩; তারিখ: ২১ জানুয়ারি ২০২১ খ্রি.
২. মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামশিবো/প্রশা/মাদারীপুর-৪৪/৭৭১/৪/; তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার সদর উপজেলাধীন দুর্গাবদিহাট দাখিল মাদ্রাসার অফিস সহকারী জনাব মো: নুরুল আমিন সিকদার এর বিরুদ্ধে জাল সনদ ব্যবহার করে সরকারি বেতন-ভাতাদি গ্রহণ এবং অর্থের বিনিময়ে শিক্ষার্থীদের উচ্চ শ্রেণীতে উত্তীর্ণ হতে সাহায্য করার অভিযোগ পাওয়া গেছে। দেখা যায়, অভিযুক্ত ব্যক্তি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ১৯৯১ সালে দাখিল ও ১৯৯৯ সালে আলিম পাশের সনদ দাখিল করে মাদ্রাসায় চাকরি নিয়েছেন।

উল্লিখিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুরকে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং জনাব মো: নুরুল আমিন সিকদার এর দাখিল ও আলিম পরীক্ষার সনদ ও নম্বরপত্র যাচাইপূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা।


০৪.০৬.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ইমেইল: registrar@bmeb.gov.bd

মো: জহির রায়হান
মহাপরিচালক
দুর্নীতি দমন কমিশন, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মো: মাসুদুর রহমান, উপ-পরিচালক, দুর্নীতি দমন কমিশন, ঢাকা;
২. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. অফিস কপি।